

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ

(২০২৩ইং সনের ৩০৭নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ৮ই অক্টোবর, ২০২৩খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইলঃ


১.

বিচারপতি মোঃ হাবিবুল গনি

এবং

বিচারপতি আহমেদ সোহেল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি ব্যতীত ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং শুনানীর জন্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; ফৌজদারী রিভিশন মোকদ্দমা এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ (সপ্তাহে দুই দিন রবিবার ও সোমবার) এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ করিয়া মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে (সপ্তাহে তিন দিন মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার) এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত বা রায় প্রদানের জন্য থাকিলে তাহাও গ্রহণ করিবেন।



প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ৫ই অক্টোবর, ২০২৩ইং।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি মোঃ হাবিবুল গনি ।
২. বিচারপতি আহমেদ সোহেল।